ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# রোজদিন



বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

ROSEDIN ● Vol. - 2 ● Issue - 101 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৬ ● সংখ্যা ঃ ১০১ ● কলকাতা ● ৩০ চৈত্র, ১৪৩২ ● মঙ্গলবার ● ১৪ এপ্রিল ২০২৬ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## শেখ হাসিনা অনুপ্রবেশকারী না শরণার্থী? শাহের 'ডিলিট-ডিপোর্ট' তত্ত্ব নিয়ে পাল্টা প্রশ্ন অভিষেকের



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

নিউ টাউনের এক হোটেলে যখন বিজেপির নির্বাচনী ইস্তাহার বা 'সঙ্কল্পপত্র' প্রকাশ করলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, ঠিক তার পরই তৃণমূল ভবন থেকে পাল্টা তোপ দাগলেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। ইস্তাহারে বিজেপির পুরনো 'সোনার বাংলা' স্লোগান খুঁজে না পেয়ে বিদ্রূপ করার পাশাপাশি, ভোটার তালিকা থেকে নাম বাদ এবং দিল্লির গোপন আস্তানায় থাকা বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রসঙ্গ তুলে শাহকে নজিরবিহীন আক্রমণ করলেন তৃণমূল সাংসদ।

'সোনার বাংলা' কি হয়ে গেল?

এরপর ৬ পাতায়

পর্ব 261

## হিমালয়ের সমর্পণ যোগ



তাতে যজ্ঞ কুণ্ডের সমান আগুন জ্বলতেই থাকত। পাশে রাখা কাঠ তাতে দেওয়া হত। অনেক কাঠ সুগন্ধিত হত। যখন ঐ কাঠ দেওয়া হত, তখন গুহাতে খুব সুগন্ধ ছড়িয়ে যেত আর সারা বাতাবরণ বড় প্রসন্ন ও আনন্দদায়ক হয়ে যেত।

গুরুদেব আগুনে কাঠ দিতে দিতে 'চিত্ত'র সম্বন্ধে বলতে শুরু করলেন 'কামনাবাসনা' এই আগুনের সমান। যত ইন্ধন দেবে, তত বাড়বে।

**ক্রমশঃ**



# ‘সোনা পাপ্পু’ কাণ্ডে বড় মোড়, ইডির তলবে IPS ও ব্যবসায়ী



স্টাফ রিপোর্টার, রোজদিন

কসবার ‘সোনা পাপ্পু’ রহস্যে তদন্তে নতুন গতি—এবার ইডির স্ক্যানারে প্রশাসন ও ব্যবসার যোগসূত্র। অধরা বিশ্বজিৎ পোদ্দারকে ঘিরে অর্থ লেনদেনের সূত্র ধরে এক আইপিএস আধিকারিক ও এক ব্যবসায়ীকে তলব করল কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা, যা গোটা মামলাকে নতুন মাত্রা দিয়েছে।

তদন্তকারী সংস্থা Enforcement Directorate সূত্রে জানা গিয়েছে, আইপিএস অফিসার Gaurav Lal-কে সোমবার সিজিও কমপ্লেক্সে হাজিরা দিতে বলা হয়েছে। তিনি আগে কলকাতা পুলিশের ডেপুটি কমিশনার ছিলেন, বর্তমানে হাওড়া সিটি পুলিশের যুগ্ম কমিশনার (সদর) পদে কর্মরত। একইসঙ্গে তলব করা হয়েছে ব্যবসায়ী Joy Kamdar-কেও।

এই তলবের নেপথ্যে রয়েছে বিপুল আর্থিক লেনদেনের অভিযোগ। গত ১ এপ্রিল শহরের একাধিক জায়গায় তল্লাশি চালিয়ে প্রায় ১ কোটি ৪৭ লক্ষ টাকা নগদ, ৬৭ লক্ষ টাকার সোনা-রুপোর গয়না, একটি গাড়ি ও আগ্নেয়াস্ত্র উদ্ধার করে ইডি। সেই অভিযানে জয় কামদারের বাড়ি থেকেও প্রায় দেড় কোটি টাকা উদ্ধার হয়েছিল বলে তদন্তকারীদের দাবি।

এই মামলার মূল অভিযুক্ত Biswajit Poddar, যিনি ‘সোনা পাপ্পু’ নামে পরিচিত, এখনও অধরা। কাঁকুলিয়া রোডে গুলি ও বোমাবাজির ঘটনায় নাম জড়ানোর পর থেকেই তিনি গা-ঢাকা দিয়েছেন। যদিও মাঝেমধ্যেই সমাজমাধ্যমে ‘লাইভে’ এসে নিজের অবস্থান জানাচ্ছেন।

ইডির দাবি, রাজ্য ও কলকাতা পুলিশের একাধিক এফআইআর-এর ভিত্তিতে তদন্ত শুরু হয়। তাতে উঠে এসেছে, কসবা ও বালিগঞ্জ এলাকায় নির্মাণ সংক্রান্ত সিন্ডিকেট নিয়ন্ত্রণ করতেন সোনা পাপ্পু। অভিযোগ, নির্মাণ সংস্থাগুলির কাছ থেকে বিপুল অর্থ সংগ্রহ করে তা প্রভাবশালী মহলের কাছে পৌঁছে দেওয়া হত। তদন্তকারীদের মতে, এই আর্থিক চক্রে ব্যবসায়ী ও প্রশাসনিক স্তরের কোনও যোগ রয়েছে কি না, সেটাই এখন খতিয়ে দেখা হচ্ছে। সেই কারণেই এই তলব গুরুত্বপূর্ণ বলে মনে করা হচ্ছে।

# ‘নবান্ন থেকে অর্ডার বের না হওয়ায়’, DA ইস্যুতে ক্ষোভে ফুঁসছেন সরকারি কর্মচারীরা

স্টাফ রিপোর্টার, রোজদিন



বিধানসভা নির্বাচনের আগে ভোট-অন-অ্যাকাউন্ট বাজেটে রাজ্যের সরকারি কর্মচারীদের জন্য ৪ শতাংশ ডিএ বৃদ্ধির কথা ঘোষণা করেছিল মমতা সরকার। তবে সেই বর্ধিত মহার্ঘ ভাতা এখনও মেলেনি বলে অভিযোগ। সম্প্রতি সেই হিসেব বুঝে নিতে নির্বাচনে দেখে নেওয়ার হুঁশিয়ারি দিয়েছেন শিক্ষকদের একাংশ ।

কেউই বর্ধিত ৪% ডিএ মেলেনি। আবার সুপ্রিম কোর্টের নির্দেশে পঞ্চম পে কমিশনের বকেয়া মেটানোর কাজ শুরু হলেও শিক্ষকেরা এখনও কোনো টাকা পাননি। পাচ্ছেন না সরকারি হেলথ স্কিমের সুবিধাও। এই সমস্ত অভিযোগ জড়ো করে রাজ্য সরকারকে রীতিমতো হুঁশিয়ারি ‘ক্ষুব্ধ’ শিক্ষকদের।

শিক্ষকদের একাংশের কথায়, ডিএ বা যে কোনো সুবিধার ক্ষেত্রে

এরপর ৩ পাতায়

# ট্রাইব্যুনালে আবেদন করলেই ভোট নয়! স্পষ্ট বার্তা সুপ্রিম কোর্টের



স্টাফ রিপোর্টার, রোজদিন

ভোটের আগে বড় ধাক্কা সম্ভাব্য বহু আবেদনকারীর জন্য। ট্রাইব্যুনালে নাম সংশোধনের আবেদন করলেই ভোট দেওয়ার সুযোগ মিলবে—এমন ধারণায় জল ঢেলে দিল সুপ্রিম কোর্ট। প্রধান বিচারপতির পর্যবেক্ষণে স্পষ্ট, ভোটার তালিকা চূড়ান্ত হওয়ার পর নতুন করে ভোটাধিকার দেওয়ার প্রশ্নই উঠছে না।

সোমবার Supreme Court of India-এ এসআইআর সংক্রান্ত শুনানিতে এই গুরুত্বপূর্ণ মন্তব্য করেন প্রধান বিচারপতি Surya Kant। তাঁর বক্তব্য, ট্রাইব্যুনালে আবেদনকারীদের ভোটের অনুমতি দিলে গোটা প্রক্রিয়ায় জটিলতা তৈরি হবে এবং বিদ্যমান ভোটারদের অধিকারও প্রভাবিত হতে পারে।

উল্লেখ্য, রাজ্যে দুই দফায় ভোট—২৩ এপ্রিল এবং ২৯ এপ্রিল। তার আগেই ভোটার তালিকা ‘ফ্রিজ’ হয়ে গিয়েছে নির্ধারিত নিয়ম মেনে। মনোনয়ন জমার শেষ দিন পর্যন্ত যাঁদের নাম তালিকায় ছিল, আইন অনুযায়ী তাঁরাই ভোট দিতে পারবেন।

এই পরিস্থিতিতে বহু আবেদনকারী, যাঁদের নাম তালিকা থেকে বাদ পড়েছে, ট্রাইব্যুনালের দ্বারস্থ হয়েছেন। আদালতে জানানো হয়, ইতিমধ্যেই প্রায় ১৬ লক্ষ আবেদন জমা পড়েছে এবং

এরপর ৩ পাতায়

(২ পাতার পর)

# ‘নবান্ন থেকে অর্ডার বের না হওয়ায়’, DA ইস্যুতে ক্ষোভে ফুঁসছেন সরকারি কর্মচারীরা

বঞ্চিতদের তালিকায় সবার উপরে শিক্ষকেরা অবস্থান। এর ফলস্বরূপ শিক্ষক সমাজের মধ্যে সরকারের প্রতি যে বিরূপ প্রতিক্রিয়া তৈরি হচ্ছে সেটা তাঁদের পক্ষে ভাল নয় বলেই মত তাঁদের। বিধানসভায় ঘোষণা হয়েছে গত ৫ ফেব্রুয়ারী। তার প্রায় দু’ মাস পরেও কেন মহার্ঘ ভাতা সংক্রান্ত কোনো বিজ্ঞপ্তি প্রকাশ হল না সেই নিয়ে হতাশ সরকারি কর্মীরা।

এক প্রতিবেদন অনুসারে বঙ্গীয় শিক্ষক ও শিক্ষাকর্মী সমিতির সাধারণ সম্পাদক স্বপন মণ্ডল এ বিষয়ে বলেন, মুখ্যমন্ত্রী বাজেটের দিন ৪ শতাংশ ডিএ বৃদ্ধির কথা ঘোষণা করে বলেছিলেন এপ্রিল থেকেই লাগু হবে। কিন্তু দেড় মাস পেরিয়ে গেলেও নবান্ন থেকে অর্ডার বের হয়নি। লক্ষ লক্ষ শিক্ষক, কর্মচারী সরকারের পদক্ষেপের দিকে তাকিয়ে আছেন। এ মাসের বেতন বিল সাবমিট করেননি এখনও। আজ-কালের মধ্যে অর্ডার বেরিয়ে যাবে বলে আশা করছি।

আনন্দবাজারের প্রতিবেদন অনুসারে বঙ্গীয় শিক্ষক ও শিক্ষাকর্মী সমিতির সাধারণ সম্পাদক স্বপন মণ্ডল এ বিষয়ে বলেন, মুখ্যমন্ত্রী বাজেটের দিন ৪ শতাংশ ডিএ বৃদ্ধির কথা ঘোষণা করে বলেছিলেন এপ্রিল থেকেই লাগু হবে। কিন্তু দেড় মাস পেরিয়ে গেলেও নবান্ন থেকে অর্ডার বের হয়নি। লক্ষ লক্ষ শিক্ষক, কর্মচারী সরকারের পদক্ষেপের দিকে তাকিয়ে আছেন। এ মাসের বেতন বিল সাবমিট করেননি এখনও। আজ-কালের মধ্যে অর্ডার বেরিয়ে যাবে বলে আশা করছি।

(২ পাতার পর)

# ট্রাইব্যুনালে আবেদন করলেই ভোট নয়! স্পষ্ট বার্তা সুপ্রিম কোর্টের

তাঁদের ভোটদানের সুযোগ দেওয়ার দাবি ওঠে।

তবে আদালত স্পষ্ট জানায়, এই ধরনের অনুমতি দিলে প্রশাসনিক জটিলতা বাড়বে। প্রধান বিচারপতির মতে, এতে আপিল ট্রাইব্যুনালের উপর অতিরিক্ত চাপ তৈরি হবে এবং নির্বাচনী প্রক্রিয়ার স্বচ্ছতাও বিঘ্নিত হতে পারে।

আদালত আরও জানায়, আপিল প্রক্রিয়া স্থগিত রাখার আবেদনও তাদের সামনে রয়েছে, যা আগামী শুনানিতে বিবেচনা করা হবে।

ফলে আপাতত পরিষ্কার — ট্রাইব্যুনালে আবেদন করলেই এই নির্বাচনে ভোটাধিকার ফিরে পাওয়া সম্ভব নয়। এই রায়ের প্রভাব রাজ্যের নির্বাচনী সমীকরণে কতটা পড়বে, সেটাই এখন বড় প্রশ্ন।

# বোমার জবাব ভোটে হবে, হুঙ্কার অমিত শাহের

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

টিএমসি এই রাজ্যকে বোমা, বুলেটের গুদাম করেছে, এর জবাব মানুষ ভোটেই দেবে বলে স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজ হুঙ্কার দিয়েছেন। মুখ্যমন্ত্রীর উদ্দেশ্যে তিনি বলেন, “দিদি, আমরা এখানে কয়েকশো বছর ধরে আছি, আপনি কে আমাদের ভয় দেখাচ্ছেন?”



রাজ্যে টিএমসি-র আমলে মুর্শিদাবাদে দাঙ্গা হয়েছে, রাম নবমীর শোভাযাত্রা আক্রান্ত হয়েছে, অনেক জায়গায় সরস্বতী পুজো করতে অনুমতি দেওয়া হয়নি বলে তিনি অভিযোগ করেন। জোর দিয়ে অমিত শাহ বলেন, রাজ্যের মানুষ মমতা ব্যানার্জি সরকারকে টা টা বাই বাই করার সিদ্ধান্ত নিয়েছে, তাঁরা বোমা, বুলেটের জবাব ভোটেই

এরপর ৬ পাতায়

# রান্নার গ্যাস নিয়ে আতঙ্ক অব্যাহত, LPG সিলিন্ডার বুকিং নিয়ে নয়া আপডেট কেন্দ্রের



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

রান্নার গ্যাস নিয়ে মানুষের আতঙ্ক কাটছেই না। কেন্দ্রের তরফে যদিও বারংবার আশ্বাস দেওয়া হয়েছে। আর এবার ফের এলপিজি গ্যাস সিলিন্ডার নিয়ে বড় আপডেট দিল কেন্দ্রীয় সরকার। দেশে রান্নার গ্যাসের ঘাটতি নেই। একদিনেই ৫২.৩ লক্ষের বেশি ডোমেস্টিক গ্যাস সিলিন্ডার সরবরাহ হয়েছে। আমজনতাকে আশ্বস্ত করে এমনটাই জানিয়েছে কেন্দ্রীয় সূত্র।

এলপিজি গ্যাস সিলিন্ডার নিয়ে বড় আপডেট কেন্দ্রের

বিভিন্ন সরকারি তেল সংস্থাগুলির তরফে জানানো হয়েছে, দেশের বিভিন্ন প্রান্তে নিয়মিত ভাবে সরবরাহ বজায় রাখা হচ্ছে। এর মধ্যে কোথাও সিলিন্ডার ফুরিয়ে যাওয়ার মতো ঘটনা ঘটেনি। উলটে চাহিদা অনুযায়ী দ্রুত সিলিন্ডার দেওয়া হচ্ছে।

বাড়ানো হয়েছে নজরদারি: সিলিন্ডারের কালোবাজারি কমাতে বাড়ানো হয়েছে নজরদারি। বিভিন্ন গ্যাস ডিস্ট্রিবিউটরের অফিসে বিনা নোটিশে ভিজিট করা হচ্ছে। ইতিমধ্যেই নিয়ম ভাঙার অভিযোগে ২১৯ জন ডিস্ট্রিবিউটরকে জরিমানা করা হয়েছে। লাইসেন্স সাময়িক ভাবে স্থগিত করা হয়েছে ৫৬ জনের।

বেড়েছে গ্যাস সংযোগ: এদিকে দেশে বাড়িতে বাড়িতে গ্যাস সংযোগ বাড়ানোর কাজও চলছে জোরকদমে। ৪.২৪ লক্ষের বেশি পিএনজি সংযোগ নতুন করে চালু করা হয়েছে। নতুন গ্যাস সিলিন্ডার সংযোগের জন্য ৪.৬৬ লক্ষেরও বেশি গ্রাহক নাম নথিভুক্ত করেছে।

পরিবহনের ক্ষেত্রেও সবটা স্বাভাবিক থাকবে বলে খবর। জ্বালানি তেল সরবরাহে কোনও সমস্যা নেই বলে জানান হয়েছে। দেশের বিভিন্ন ধরনের তেল সংস্থাগুলির তরফে দাবি করা হয়েছে, দেশে গ্যাসের সরবরাহ স্বাভাবিক। সাধারণ মানুষের আতঙ্কিত হওয়ার কোনও কারণ নেই।

# সম্পাদকীয়

## কেষ্টভূমে 'হুঁশিয়ারি' অমিত শাহের

রাজনীতিতে একদা বেতাজ বাদশাহ ছিলেন তৃণমূল কংগ্রেস অনুব্রত মণ্ডল। তবে পাচারকাণ্ডে জেল খেটে আসার পর থেকে অনুব্রতর সেই দাপট যেন ততটা প্রবল নয়। তবে অনুব্রত মণ্ডলের সেই প্রভাব কতটা বজায় রয়েছে, তার পরীক্ষা যেন আসন্ন বিধানসভা নির্বাচন। আর সেই কেষ্টর বীরভূমে দাঁড়িয়েই 'তৃণমূলের গুন্ডাদের' পালটা হুঁশিয়ারি দিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।এদিকে আজ মহিলা সুরক্ষা নিয়ে মমতাকে তোপ দাগেন অমিত শাহ। তিনি বলেন, 'রাজ্যের মুখ্যমন্ত্রী একজন মহিলা হলেও বাংলার মা-বোনেদের তিনি সুরক্ষা দিতে পারেন না। রাতে কেন কেউ বাইরে বেরিয়েছেন, তা জিজ্ঞাসা করেন। তবে আমরা ক্ষমতায় এলে এমন বাংলা তৈরি করব যেখানে রাত ১টাতেও মেয়েরা স্কুটিতে বেরোতে পারবে। কোনও আরজি কর বা দুর্গাপুর হবে না। মেয়েরা সর্বত্র সুরক্ষিত থাকবে।' এদিকে অনুপ্রবেশ এবং ইউসিসি নিয়েও আজ মুখ খোলেন অমিত শাহ। তিনি বলেন, 'তৃণমূল অনুপ্রবেশ বন্ধ করতে পারবে না। আমরা ক্ষমতায় এলে ৮ মে-র পরে খুঁজে খুঁজে অনুপ্রবেশকারীদের দেশ থেকে বার করে দেব। আমরা ক্ষমতায় এলে ইউসিসি চালু করব। যাঁরা চার বার বিয়ে করেন, সেটা বন্ধ হয়ে যাবে।'আজ এক নির্বাচনী জনসভায় বিজেপি নেতা বলেন, 'তৃণমূলের গুন্ডারা যেন ২৩ এপ্রিল ঘরে বসে থাকেন, না হলে ৫ মে খুঁজে খুঁজে সকলকে জেলে ভরব।'

ভোট পরবর্তী হিংসার প্রসঙ্গ টেনে এনে আজ অমিত শাহ বলেন, '২০২১ সালের ভোটের পর এখানে আমাদের কর্মীদের উপর অনেক অত্যাচার করা হয়েছে। আপনারা মমতার সরকারকে টাটা-বাই করে দিন। কাটমানি, সিন্ডিকেটওয়ালাদের উল্টো ঝুলিয়ে সোজা করার কাজ আমরা করব। এই রাজ্যে ৪ মে-র পর ডবল ইঞ্জিন সরকার তৈরি হবে। রাজ্যে বিকাশের নতুন যুগ শুরু হবে। আপনারা ভয়ের জবাব ভরসায় দেবে। বীরভূমবাসীকে বলছি, আপনারা মেশিনে পদ্মের চিহ্ন খুঁজে নিন। তৃণমূলের গুন্ডাদের আমরা খুঁজে নেব।'

দুর্নীতি নিয়ে তৃণমূলকে তোপ দেগে শাহ বলেন, 'জলজীবন মিশন-এর কোটি কোটি টাকা কোথায় গেল? তৃণমূলের গুন্ডারা সেই টাকা খেয়ে নিয়েছে। ২৬ হাজার শিক্ষকের চাকরি নিয়ে দুর্নীতি কে করল? পুরনিয়োগ দুর্নীতি, রেশন দুর্নীতি, মনরেগা দুর্নীতি, প্রধানমন্ত্রীর আবাস যোজনার দুর্নীতি, তৃণমূলের সময় শুধু দুর্নীতিই হয়েছে। এরা বাংলার সংস্কৃতিকে রক্ষা করতে পারে না। শান্তিনিকেতনে রবীন্দ্রনাথ ঠাকুরের ঘর ভেঙে দেওয়া হয়েছে। মোদীজি শান্তিনিকেতনকে ইউনেস্কো-র স্বীকৃতি এনে দিয়েছেন। বাংলা ভাষাকে শাস্ত্রীয় ভাষা বানানোর কাজ করেছেন মোদীজি।'

# বাংলার সাধক বামাক্ষ্যাপা





**মৃত্যুঞ্জয় সরদার**

**(প্রথম পর্ব)**

ঈশ্বরী কথা বইটি লেখার আগেও বিভিন্ন লেখা বিভিন্নভাবে আমি প্রকাশ করেছিলাম। বর্তমান পরিস্থিতি তৎকালীন পরিস্থিতির সঙ্গে তেমন কিছু পার্থক্য নেই। সময় আর পদ্ধতিটা একটু অন্যরকম ভাবেই প্রচলিত রয়েছে, সবটা আগের দেখানো পথে এখনো আমরা চলে যাচ্ছি। পরিবেশ পরিস্থিতির তারতম্যটা রেখে আগের দিনের ঘটনায় পুনরাবৃত্তি করা হচ্ছে। তাই বলে চাই রাজ্য রাজনীতি দেখুন খুনের মতো ঘটনা ঘটেই চলেছে, দুষ্ট লোক তৎকালীন সময়ে বামদেবের আমলে হয়েছিল আজকের

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

# বাংলার নির্বাচন নিয়ে বড় পর্যবেক্ষণ সুপ্রিম কোর্টের



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

বাংলায় বিধানসভা নির্বাচনের দামামা বাজার পর থেকেই ভোটার তালিকা ও 'এসআইআর' বিতর্ক পিছু ছাড়ছে না। এই আবহে সোমবার ফের একবার রাজ্য সরকার এবং নির্বাচন কমিশনের ভূমিকা নিয়ে কড়া সমালোচনা করল দেশের শীর্ষ আদালত।কমিশন সূত্রে জানা যাচ্ছে, এসআইআর প্রক্রিয়ার শুরুতে রাজ্যে ভোটার ছিলেন ৭ কোটি ৬৬ লক্ষ ৩৭ হাজার ৫২৯ জন। এই সংশোধন প্রক্রিয়ার খসড়া তালিকায় প্রথমেই ৫৮ লক্ষ ২০ হাজার ৮৯৯ জনের নাম বাদ পড়েছিল। এরপর গত ২৮ ফেব্রুয়ারি প্রকাশিত প্রথম চূড়ান্ত তালিকায় আরও ৫ লক্ষ ৪৬ হাজার ৫৩ জনের নাম ছাঁটাই হয়। সবচেয়ে বড় বিতর্ক ছিল ৬০ লক্ষ ৬

এরপর ৬ পাতায়

## বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

অতএব ওই দেবজননী অদিতিকে অত্যন্ত প্রাচীন বলতে হবে। হয়তো খুব সুপ্রাচীন কালে – ঋগ্বেদের প্রাচীনতর অংশ রচিত হবারও আগে, প্রাচীনতম কবিদের সুদূর স্মৃতিতে – এই আদি জননীর কথা স্বতন্ত্র ও স্বাধীন গৌরবে প্রতিষ্ঠিত ছিল।

**ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# যুক্তরাষ্ট্র-ইরান আলোচনার দরজা বন্ধ হয়নি, মধ্যস্থতাকারীদের ফের দৌড়ঝাঁপ

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ইরান যুদ্ধের ইতি টানতে বাকি থাকা মতপার্থক্যগুলো ঘুচিয়ে চুক্তিতে পৌঁছানোর লক্ষ্যে আগামী দিনগুলোতে পাকিস্তান, মিসর এবং তুরস্কের মধ্যস্থতাকারীরা যুক্তরাষ্ট্র-ইরানের সঙ্গে আলোচনা চালিয়ে যাবেন। আঞ্চলিক একটি সূত্র ও মার্কিন কর্মকর্তাদের বরাত দিয়ে এই তথ্য জানিয়েছে মার্কিন সংবাদমাধ্যম অ্যাক্সিওস।



সংশ্লিষ্ট সব পক্ষই এখনো বিশ্বাস করে যে, একটি চুক্তিতে পৌঁছানো সম্ভব। মধ্যস্থতাকারীদের আশা, মতপার্থক্য কমিয়ে আনতে পারলে ২১ এপ্রিল যুদ্ধবিরতির মেয়াদ শেষ হওয়ার আগেই আলোচনার আরেকটি ধাপ শুরু করা যেতে পারে।

সূত্রগুলো জানিয়েছে, মার্কিন নৌ-অবরোধের মাধ্যমে ইরান যদি তাদের পথ পরিবর্তন না করে, তবে প্রেসিডেন্ট ট্রাম্প পুনরায় হামলা চালানোর কথা ভাবছেন। লক্ষ্যবস্তুর তালিকায় এমন সব অবকাঠামো থাকতে পারে, যা যুদ্ধবিরতি ঘোষণার আগে ট্রাম্প গুঁড়িয়ে দেওয়ার হুমকি দিয়েছিলেন।

নাম প্রকাশে অনিচ্ছুক এক মার্কিন কর্মকর্তা বলেন, পাকিস্তানে আলোচনা থেকে সরে আসার সিদ্ধান্তের মতোই এই অবরোধও চলমান দর-কষাকষির অংশ। ওই কর্মকর্তার দাবি, ট্রাম্প চান না ইরান আলোচনার টেবিলে হরমুজ প্রণালিকে হাতিয়ার হিসেবে ব্যবহার করুক।

আঞ্চলিক সূত্রটি জানায়, 'আমরা পুরোপুরি অচলাবস্থায় নেই। দরজা এখনো বন্ধ হয়ে যায়নি। উভয় পক্ষই দর-কষাকষি করছে। এটি অনেকটা বাজারের মতো।' মার্কিন এক কর্মকর্তা এই মন্তব্যের সঙ্গে একমত পোষণ করে যোগ করেন, ইরান যদি আরও নমনীয়তা দেখায় এবং এটা বুঝতে পারে যে ইসলামাবাদ প্রস্তাবই তাদের জন্য সেরা সুযোগ, তবেই চুক্তি সম্ভব। পাকিস্তানে নিযুক্ত ইরানের রাষ্ট্রদূত রেজা আমিরি মোগাদ্দাম—যিনি এই আলোচনায় অংশ নিয়েছিলেন—এক্সে লিখেছেন, ইসলামাবাদ আলোচনা ব্যর্থ হয়নি; বরং এটি একটি কূটনৈতিক প্রক্রিয়ার ভিত্তি তৈরি করেছে। তিনি বলেন, 'যদি আস্থা ও সদিচ্ছা জোরালো হয়, তবে সব পক্ষের স্বার্থ রক্ষা করে একটি টেকসই কাঠামো তৈরি করা সম্ভব।'

মার্কিন কর্মকর্তা ও আঞ্চলিক সূত্রগুলো জানায়, পাকিস্তানে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে টানা ২১ ঘণ্টার আলোচনার প্রধান কেন্দ্রবিন্দু ছিল পরমাণু ইস্যু। একটি বড় মতপার্থক্য ছিল ইরানের ইউরেনিয়াম সমৃদ্ধকরণ স্থগিত করা এবং তাদের উচ্চমাত্রার সমৃদ্ধ ইউরেনিয়ামের মজুত ত্যাগ করার বিষয়ে যুক্তরাষ্ট্রের দাবি নিয়ে।

সূত্রগুলো জানায়, অন্য আরেকটি বিরোধের জায়গা ছিল—পারমাণবিক ছাড়ের বিনিময়ে ইরান কী পরিমাণ অর্থ অবমুক্ত করতে চায়, তা নিয়ে।

ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি দাবি করেছেন, যুক্তরাষ্ট্র 'লক্ষ্য পরিবর্তন' করার আগে পক্ষগুলো চুক্তির একদম কাছাকাছি পৌঁছে গিয়েছিল। যদিও মার্কিন কর্মকর্তা এবং আঞ্চলিক সূত্রগুলো এই দাবি নিশ্চিত করেনি, তবে তারা অগ্রগতির বিষয়টি স্বীকার করেছেন। গত রোববার তুরস্ক ও মিসরের পররাষ্ট্রমন্ত্রীরা পাকিস্তানের পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে পৃথকভাবে ফোনে কথা বলেন। এরপর তাঁরা দুজনেই হোয়াইট হাউসের দূত স্টিভ উইটকফ এবং আরাঘচির সঙ্গে কথা বলেছেন বলে সূত্রগুলো জানিয়েছে।

মার্কিন প্রতিনিধিদলের নেতৃত্ব দেওয়া ভাইস প্রেসিডেন্ট জে ডি ভ্যান্স ইসলামাবাদে প্রথমবারের মতো ইরানিদের সঙ্গে দেখা করেন। এক মার্কিন কর্মকর্তা এই আলোচনাকে 'কঠিন' বলে অভিহিত করলেও পরবর্তী সময়ে একে 'প্রস্তাব আদান-প্রদানের একটি বন্ধুত্বপূর্ণ ও ফলপ্রসূ বিনিময়' হিসেবে বর্ণনা করেছেন।

ইসলামাবাদ আলোচনার সমাপ্তি কিছুটা নিরানন্দ হলেও ভ্যান্স আলোচনার পথ খোলা রেখেছেন এবং আশা করছেন ইরান পুনরায় টেবিলে ফিরবে। ওই মার্কিন কর্মকর্তা বলেন, 'ভাইস প্রেসিডেন্ট আশাবাদী যে, আগামী দিনগুলোতে ইরান তাদের দেওয়া প্রস্তাবটি নিয়ে ভাববে এবং বুঝতে পারবে যে চুক্তি হওয়া উভয় পক্ষের স্বার্থেই মঙ্গলজনক।'




পত্রিকা দপ্তর ও কুইনপ্রেসে চিঠিপত্র, লেখালেখি ও সংবাদ পাঠাতে হলে যোগাযোগ করুন নিচের দেওয়া ঠিকানা ও মোবাইল নম্বরে

কুইন প্রেস ও পত্রিকা দপ্তর

Editor
Mrityunjoy Sardar
C/o, Lalu Sardar
Village:Hedia
P.O.:Uttar Moukhali
P.S. : Jibantala
District :South 24 Parganas
Pin:743329(W.B)

Mobile : 9564382031

(৪ পাতার পর)

# বাংলার নির্বাচন নিয়ে বড় পর্যবেক্ষণ সুপ্রিম কোর্টের

হাজার ৬৭৫ জন 'বিবেচনাধীন' ভোটারদের নিয়ে। গত সোমবারের তালিকায় দেখা যাচ্ছে, এই তালিকায় থাকা ২৭ লক্ষ ১৬ হাজার ৩৯৩ জনের নাম শেষ পর্যন্ত বাদ পড়েছে। সব মিলিয়ে এই সংশোধন পর্বে মোট ৯০ লক্ষ ৮৩ হাজার ৩৪৫ জনের নাম তালিকা থেকে মুছে গিয়েছে।বৈধ পাসপোর্ট থাকা সত্ত্বেও ভোটার তালিকা থেকে নাম বাদ যাওয়া সংক্রান্ত একটি মামলার শুনানিতে সুপ্রিম কোর্ট স্পষ্ট ভাষায় জানাল, "রাজ্য এবং নির্বাচন কমিশন - এই দুই সাংবিধানিক প্রতিষ্ঠানের মাঝে পড়ে সাধারণ ভোটাররা কার্যত পিষ্ট হচ্ছেন।"

সোমবার সুপ্রিম কোর্টে বৈধ পাসপোর্টধারীদের নাম ভোটার তালিকায় যুক্ত করার দাবি জানিয়ে একটি মামলা দায়ের হয়েছিল। আবেদনকারীদের অভিযোগ ছিল, জুডিশিয়াল অফিসাররা কোনও সুনির্দিষ্ট কারণ না দর্শিয়েই তাঁদের নাম তালিকা থেকে ছেঁটে ফেলেছেন। যদিও এই বিষয়ে সরাসরি হস্তক্ষেপ করতে অস্বীকার করেছে শীর্ষ আদালত। বিচারপতিরা স্পষ্ট করে দিয়েছেন যে, এই অভিযোগ নিয়ে আবেদনকারীকে ট্রাইব্যুনালের কাছেই দ্বারস্থ হতে হবে। তবে জুডিশিয়াল অফিসারদের নিয়ে কোর্টের মন্তব্য, "তাঁদের ভুল হতেই পারে, কিন্তু সেই কারণে তাঁদের এভাবে ব্যক্তিগতভাবে টার্গেট করা উচিত নয়।"

তবে এ দিনের সবথেকে বড় নজর রয়েছে পশ্চিমবঙ্গের সামগ্রিক এসআইআর (SIR) মামলার দিকে। এই বিশেষ প্রক্রিয়ার জেরে রাজ্যজুড়ে প্রায় ৯১ লক্ষ ভোটারের নাম তালিকা থেকে বাদ পড়েছে। কয়েক লক্ষ বৈধ ভোটারের নাম কেন বাদ গেল এবং তাঁরা আদৌ ২০২৬-এর বিধানসভা নির্বাচনে ভোট দিতে পারবেন কি না, তা নিয়ে দেশজুড়ে জল্পনা তুঙ্গে। আজই সেই ভাগ্য নির্ধারণী মামলার শুনানি হওয়ার কথা সুপ্রিম কোর্টে। রাজ্যজুড়ে ভোটার ছাঁটাই নিয়ে যে ক্ষোভ তৈরি হয়েছে, তাতে সুপ্রিম কোর্টের আজকের এই পর্যবেক্ষণ অত্যন্ত তাৎপর্যপূর্ণ বলে মনে করছেন আইনজ্ঞরা। কমিশনের তথ্যের গরমিল এবং ভোটারদের অধিকার নিয়ে শীর্ষ আদালত শেষ পর্যন্ত কী সিদ্ধান্ত নেয়, তার ওপর নির্ভর করছে প্রায় ৯১ লক্ষ মানুষের ভোটাধিকার। প্রধান বিচারপতি সূর্য কান্তের বেঞ্চ সোমবারের শুনানির শেষে কী নির্দেশ দেয়, সেদিকেই এখন চাতক পাখির মতো তাকিয়ে রয়েছে বাংলার রাজনৈতিক মহল এবং কয়েক লক্ষ ব্রাত্য ভোটার।

(১ম পাতার পর)

# শেখ হাসিনা অনুপ্রবেশকারী না শরণার্থী? শাহের 'ডিলিট-ডিপোর্ট' তত্ত্ব নিয়ে পাল্টা প্রশ্ন অভিষেকের

এ দিন শাহের সংকল্পপত্র প্রসঙ্গে অভিষেক বলেন, "এবার আর সোনার বাংলা কথাটা শুনলাম না। তারা হয়তো ধরে নিয়েছে যে বাংলা সোনার বাংলা হয়ে গেছে।" তাঁর কটাক্ষ, গত কয়েক বছর ধরে যে স্লোগান বিজেপিকে তাতিয়ে রাখত, এবার ইস্তাহারে সেই কথার অনুপস্থিতিই বলে দিচ্ছে গেরুয়া শিবিরের আত্মবিশ্বাসের অভাব।

ভোটার তালিকা ও হিন্দু বাঙালি বঞ্চনা

রাজ্যে এসআইআর প্রক্রিয়ায় বিপুল সংখ্যক ভোটারের নাম বাদ যাওয়া নিয়ে শাহের ক্ষমা চাওয়া উচিত ছিল বলে মনে করেন অভিষেক। তিনি বলেন, "আমি আশা করেছিলাম গত ছয় মাস ধরে এসআইআর-এর নামে নির্বাচন কমিশন বাংলার বুকে যা করেছে তার জন্য তিনি ক্ষমা চেয়ে তারপর কথা শুরু করবেন।" এই পরিসংখ্যান বিশ্লেষণ করে তাঁর দাবি, "সব মিলিয়ে প্রায় ৯০ লক্ষ নাম তারা বাদ দিয়েছে। এর মধ্যে প্রায় ৬৩ শতাংশ নাম হিন্দু বাঙালির। অসমেও তারা এটা করেছে। সেখানকার মুখ্যমন্ত্রী প্রকাশ্যে বলেছিলেন যে বাংলায় কথা বলবে তাকে জেলে ঢুকিয়ে দেবে।"

দিল্লি-গুজরাত শাসন বনাম হাসিনার প্রসঙ্গ

বাংলার শাসন দিল্লি বা গুজরাতের অঙ্গুলিহেলনে চলবে কি না, সেই প্রশ্ন তোলার পাশাপাশি অনুপ্রবেশ ইস্যুতে শাহকে পাল্টা আক্রমণ করেন অভিষেক। প্রধানমন্ত্রীর 'ডিটেক্ট-ডিলিট-ডিপোর্ট' তত্ত্বকে বিঁধতে গিয়ে তিনি টেনে আনেন ভারতে আশ্রয় নেওয়া শেখ হাসিনার নাম। অভিষেক বলেন, "তিনি আজকে কার্যত স্বীকার করেছেন যে তাঁরা যদি ক্ষমতায় আসেন তাহলে বাংলা দিল্লি ও গুজরাত থেকে চলবে। দিল্লিতে শেখ হাসিনা দেড় বছর ধরে কী করছে। শেখ হাসিনার স্ট্যাটাস কি! তিনি অনুপ্রবেশকারী না শরনার্থী!"

উল্লেখ্য, ২০২৪ সালের ৫ অগস্ট বাংলাদেশে গণঅভ্যুত্থানের পর দেশ ছেড়ে ভারতে পালিয়ে আসেন হাসিনা। বর্তমানে দিল্লিতে তিনি ঠিক কোন পরিচয়ে বা কোন স্ট্যাটাসে রয়েছেন, তা নিয়ে কেন্দ্রের নীরবতাকেই এ দিন হাতিয়ার করেছেন তৃণমূলের সেনাপতি। বাংলাদেশের অন্তর্বর্তী সরকার যখন তাঁর প্রত্যর্পণ চাইছে, তখন এ দেশে তাঁর অবস্থান নিয়ে শাহের 'অনুপ্রবেশ' তত্ত্বকে সরাসরি চ্যালেঞ্জ জানিয়েছেন অভিষেক।

(৩ পাতার পর)

# বোমার জবাব ভোটে হবে, হুঙ্কার অমিত শাহের

দেবেন।

ভারত বাংলাদেশ সীমান্তে কাঁটাতারের বেড়া দেওয়ার জন্য রাজ্য সরকার অনেক জায়গায় জমি দেয় না বলে অভিযোগ করেন অমিত শাহ।

রাজ্যে বিজেপি ক্ষমতায় এলে ৪৫, দিনের মধ্যে এর জন্য জমি দেবে। আজ বীরভূমের নির্বাচনী প্রচারে এই সব বলেন তিনি।।

অভিন্ন দেওয়ানি বিধি, নারী নিরাপত্তা, তরুণদের সহায়তা ইত্যাদি দেওয়ার প্রতিশ্রুতি দেন।

তাঁর দাবি, রাজ্যে সর্বত্র দুর্নীতির জন্য কেন্দ্রর কল্যাণ প্রকল্পগুলি পৌঁছয় না। একবার রাজ্যে ডবল ইঞ্জিন সরকার হলে যুব সমাজ, নারী, গরিবদের জন্য কেন্দ্রের কল্যাণ প্রকল্পের টাকা ঠিক মত পৌঁছবে বলে তিনি দাবি করেন।

# সিনেমার খবর

## টিজার প্রকাশের পর রাম রূপে রণবীরের বাজিমাত

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

বলিউডের বহুল প্রতীক্ষিত ছবি ‘রামায়ণ’ এর টিজার প্রকাশিত হয়েছে। নীতেশ তিওয়ারি পরিচালিত ছবির প্রথম ঝলকের জন্য অধীর অপেক্ষায় ছিলেন ভক্তেরা।

হনুমান জয়ন্তীর বিশেষ দিনে ভগবান রামের রূপে রণবীর কাপুর এর প্রথম ঝলক প্রকাশ করলেন নির্মাতারা। এই চরিত্রটি তৈরি করতে প্রায় তিন বছর ধরে নিজেকে তিল তিল করে গড়ে তুলেছিলেন রণবীর। মদ্যপান থেকে মাংস খাওয়া বাদ দিয়েছিলেন এই অভিনেতা। তাই অনুরাগীরাও রামের ভূমিকায় রণবীরকে দেখার জন্য প্রথম দিন থেকেই মুখিয়ে ছিলেন।



এ সিনেমায় রামের চরিত্রে রয়েছেন রণবীর কাপুর, সীতার ভূমিকায় সাই পল্লবী, লক্ষ্মণের চরিত্রে রবি দুবে, হনুমানের ভূমিকায় সানি দেওল এবং রাবণের চরিত্রে দেখা যাবে যশকে।

টিজারে রণবীরের লুকে বড় চমক ছিল। কাঁধ পর্যন্ত চুল, কপালে রাজতিলক, পরনে গেরুয়া বসন। ‘অ্যানিম্যাল’-এ যে রুদ্রমূর্তি দেখা গিয়েছিল রণবীরের, ‘রামায়ণ’ যে একেবারেই বিপরীত এ কথা বলাই যায়। যদিও টিজারে সীতার লুকে সাই পল্লবীর ঝলক প্রকাশ্যে আসেনি।

টিজারের প্রশংসা করে অনেকে বলেছেন, এমন একটি ছবি শুধু প্রেক্ষাগৃহেই চলবে না। বরং সেগুলোকে মন্দিরে পরিণত করবে। যেখানে প্রতিটি দৃশ্যই হবে দিব্যদর্শনের মতো।’ ছবিটির প্রথম ঝলক দেখে কেউ বলেছেন, ‘আদিপুরুষ’-এর দেওয়া ক্ষতের পরে আমাদের এই নিরাময়ের প্রয়োজন ছিল। এর মধ্যে দিয়ে ইতিহাসকে তুলে ধরার পাশাপাশি সম্মান জানানো হয়েছে।

অনেকেই ভগবান রামের চরিত্রে রণবীর কাপুরের প্রশংসা করে বলেছেন, অরুণ গোভিলের পরে যদি সত্যিই কেউ ভগবান রামের মতো দেখতে হন, তবে তিনি হলেন রণবীর। ‘রামায়ণ’-এ ভগবান রামের ভূমিকায় অভিনয় করা রণবীর কাপুর বলেছেন, ‘আমার মনে হয় না আমি এখানে রামকে উপস্থাপন করতে এসেছি। আমি এসেছি তার কাছ থেকে শিখতে। তার মধ্যে এমন এক সরলতা ও পবিত্রতা রয়েছে।

টাইমস অব ইন্ডিয়ার প্রতিবেদন অনুযায়ী, মুম্বাইয়ের ইন্ডিয়া গেটে বড় আয়োজনের পরিকল্পনা থাকলেও মধ্যপ্রাচ্যের চলমান পরিস্থিতির কারণে তা স্থগিত করা হয়। পরে মার্কিন যুক্তরাষ্ট্রে একটি বিশেষ অনুষ্ঠানের মাধ্যমে টিজারটি উন্মোচন করা হয়। ছবিটি নির্মাণে প্রায় ৪০০০ কোটি টাকা রুপি বাজেট ধরা হয়েছে। ভারতের সবচেয়ে ব্যয়বহুল এই সিনেমাটি মুক্তি পাবে দুই ভাগে।

প্রথম অংশ মুক্তি পাওয়ার কথা রয়েছে চলতি বছরের দীপাবলিতে, আর দ্বিতীয় অংশ আসবে আগামী বছরের দীপাবলিতে।

## জমি জালিয়াতির মারপ্যাঁচে বিপাকে সোনালি বেন্দ্রে



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

একসময়ের জনপ্রিয় বলিউড অভিনেত্রী সোনালি বেন্দ্রে এবং তার স্বামী গোল্ডি বহেলের বিরুদ্ধে পুনের মাভাল এলাকায় একটি জমি কেনাবেচা নিয়ে জালিয়াতি ও নিয়ম লঙ্ঘনের অভিযোগ উঠেছে। চন্দ্রকান্ত শিন্ডে নামে স্থানীয় এক চাষি তাদের বিরুদ্ধে এ অভিযোগ করেন।

সোনালি বেন্দ্রের বিরুদ্ধে প্রায় ৩০ গুণ্ঠা জমি নিয়ে কারচুপির অভিযোগ রয়েছে। তবে এ ঘটনায় পুনের ভাদগাঁও মাভাল দেওয়ানি আদালতে একটি মামলাও হয়েছে। আর এ মামলায় সোনালি বেন্দ্রে ও গোল্ডি বহেল ছাড়াও আরও দুজনের বিরুদ্ধে অভিযোগ করা হয়েছে। বর্তমানে বিষয়টি আদালতে বিচারাধীন।

জমিটি আসলে কার এবং কেনাবেচায় কোনো কারচুপি হয়েছে কিনা, তা খতিয়ে দেখছে প্রশাসন। আগামী ২০ এপ্রিল এ মামলার শুনানির দিন ধার্য করেছেন আদালত। দুই পক্ষের যুক্তি শোনার পর আদালত যে রায় দেন, এখন সেদিকেই তাকিয়ে রয়েছেন সবাই।

অভিযোগকারী চাষির দাবি, ১৯৫৭ সাল থেকে ওই বিতর্কিত জমির ওপর তার পরিবারের অধিকার রয়েছে। গোল্ডি বহেল অবৈধভাবে সেই অধিকার খর্ব করে জমি নিজের নামে করেছেন। প্রায় ৩২ হাজার বর্গফুট এলাকাজুড়ে থাকা ওই জমিতে জোর করে বেআইনি নির্মাণের চেষ্টাও হয়েছে বলে অভিযোগ। এমনকি চাষির পরিবারকে ভয় দেখানোরও অভিযোগ রয়েছে সোনালি বেন্দ্রের পরিবারের বিরুদ্ধে। পুলিশে অভিযোগ জানিয়েও লাভ না হওয়ায় শেষ পর্যন্ত আদালতের দ্বারস্থ হয়েছেন ওই কৃষক।

অন্যদিকে সোনালি বেন্দ্রে এবং তার আইনজীবী সব অভিযোগ সরাসরি অস্বীকার করেছেন। তার দাবি, সরকারি কোনো নথিতে বা জমি কেনাবেচার কাগজে তার নাম নেই। এ অভিযোগ ভিত্তিহীন বলে পাল্টা দাবি করেছেন সোনালি।

অভিনেত্রীর আইনজীবী জানিয়েছেন, এর আগে ওই চাষি তহশিলদার ও মহকুমা শাসকের কাছে একাধিকবার আবেদন করেছিলেন। কিন্তু প্রতিবারেই আদালত সেই আবেদন খারিজ করে দিয়েছেন। আগামী ২০ এপ্রিল এ মামলার শুনানির দিন ধার্য করেছেন আদালত।

## সৌরভ গাঙ্গুলীর বায়োপিকের নাম চূড়ান্ত, শুটিং শুরু

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ভারতীয় ক্রিকেট দলের সাবেক অধিনায়ক ও আইকন সৌরভ গাঙ্গুলীর বায়োপিক নিয়ে গত কয়েক বছর ধরেই ভক্তদের মধ্যে ছিল তুমুল উত্তেজনা। অবশেষে সব জল্পনার অবসান ঘটিয়ে ১ এপ্রিল সন্ধ্যায় অভিনেতা রাজকুমার রাও জানালেন, বড় পর্দায় ‘দাদা’ হয়ে ওঠার যাত্রা শুরু করেছেন তিনি।

বহুল প্রতীক্ষিত এই বায়োপিকের কেন্দ্রীয় চরিত্রে দেখা যাবে বলিউডের খ্যাতনামা অভিনেতা রাজকুমার রাওকে।

নিজের ইনস্টাগ্রাম হ্যান্ডেলে শুটিং শুরুর খবরটি নিশ্চিত করে রাজকুমার একটি পোস্ট শেয়ার করেন। ক্যাপশনে তিনি লেখেন, ‘এবং শুরু হলো... একমাত্র এবং অদ্বিতীয় দাদা।’ জানা গেছে, সিনেমাটির নাম রাখা হয়েছে ‘দাদা- দ্য সৌরভ গাঙ্গুলী স্টোরি’। ছবিটি প্রযোজনা করছেন লভ রঞ্জন




এবং পরিচালনায় আছেন বিক্রমাদিত্য মোতওয়ানে।

সৌরভ গাঙ্গুলীর বায়োপিকের জন্য রাজকুমারকে এক বিশাল শারীরিক পরিবর্তনের মধ্য দিয়ে যেতে হয়েছে। তার আগের প্রজেক্ট ‘নিকাম’-এর জন্য তাকে প্রায় ৯-১০ কেজি ওজন বাড়াতে হয়েছিল। অভিনেতা জানান, সেই চরিত্রের জন্য তিনি নিয়মিত পিজ্জা, মিষ্টি, আলুর পরোটা এবং বিরিয়ানির মতো উচ্চ ক্যালরিযুক্ত খাবার খেয়েছেন।

ইনস্টাগ্রাম পোস্টে রাজকুমার আরও যোগ করেন, ‘নিকাম-এর জন্য আমাকে কোনো গ্ল্যামার ছাড়াই সাধারণ লুকে পর্দায় আসতে হয়েছিল। আশা করি সিনেমাটি মুক্তি পেলে আপনারা আমার পরিশ্রম দেখতে পাবেন। এখন সময় সেই অতিরিক্ত ওজন কমিয়ে ফেলে নিজেকে ‘গাঙ্গুলী মোড’-এ নিয়ে যাওয়ার।’

সৌরভ গাঙ্গুলীর মতো একজন ব্যক্তিত্বকে পর্দায় ফুটিয়ে তোলা জাতীয় পুরস্কার জয়ী রাজকুমারের জন্য যেমন সম্মানের, তেমনি বড় চ্যালেঞ্জও বটে। বিশেষ করে সৌরভের সেই সিগনেচার ব্যাটিং স্টাইল এবং ড্রেসিংরুমের সেই চেনা মেজাজ নিখুঁতভাবে তুলে ধরাই এখন এই প্রতিভাবান অভিনেতার মূল লক্ষ্য।

সবকিছু ঠিক থাকলে চলতি বছরের শেষ দিকে বা আগামী বছরের শুরুর দিকে সিনেমাটি প্রেক্ষাগৃহে মুক্তি পেতে পারে।

# ১৮ রানে জিতল বেঙ্গালুরু, জলে গেল রাদারফোর্ডের লড়াই!

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

গত বছর থেকেই কথা উঠছিল, আরসিবিকে উড়িয়ে দেবে মুম্বই। আরসিবির ব্যাটাররা দাঁড়াতেই পারবেন না মুম্বইয়ের কাছে। কিন্তু কোথায় কী? বাস্তব যে কল্পনার চেয়ে অনেক বেশি রূঢ়। ১৮ রানে হেরে মুম্বই এই মুহূর্তে বেশ চাপের পরিস্থিতিতে। তবে মুম্বইকে ভরসা দেবে রাদারফোর্ডের ফর্ম। একা লড়লেন তিনি। ৩১ বলে ৭১ রান করা সত্ত্বেও হেরে গেল মুম্বই।

টসে জিতে মুম্বই অধিনায়ক হার্দিক ফিল্ডিংয়ের সিদ্ধান্ত নিয়েছিলেন। তবে প্রথম ওভার থেকেই যে সল্ট ও কোহলি মুম্বইয়ের বোলারদের পাড়ার বোলারের স্তরে নামিয়ে আনলেন, তা দেখে হয়ত মুম্বই সমর্থকদের কপালে চিন্তার ভাঁজ পড়েছিল। ৩৬ বলে ৭৮ রান করলেন সল্ট। কোহলি করলেন ৩৮



বলে ৫০। আউট হওয়ার সময় তাঁর অভিব্যক্তিই বলে দিচ্ছিল, কতটা হতাশ হয়েছেন কোহলি। ২০ বলে ৫৩ রান করলেন অধিনায়ক রজত পাতিদার। টানা দুই ম্যাচে হাফ সেঞ্চুরি করলেন রজত। তাঁর ব্যাটে ভর করেই ২০০-র গন্ডি পার করেছিল আরসিবি। শেষে লড়লেন টিম ডেভিড। ১৬ বলে ৩৪ রান করলেন ডেভিড। ২০ ওভার শেষে আরসিবি করল ২৪০/৪। দিন কয়েক আগে চেন্নাইয়ের বিরুদ্ধে আরসিবি করেছিল ২৫০। আজ করল ২৪০। এই বড় রানই প্রমান করে, আরসিবির ব্যাটিং গভীরতা। আজকেও উইকেট পেলেন না বুমরা। এই নিয়ে টানা ৪ আইপিএল ম্যাচে উইকেট পেলেন না বুমরা। আজ বুমরার স্পেল ৪-০ -৩৫-০। জবাবে ব্যাট করতে নেমে শুরু থেকেই পাল্টা আক্রমণ করছিলেন রোহিত শর্মা ও রায়ান রিকলটন। ১৩ বলে ১৯ রান করে আহত ও অবসৃত হয়ে মাঠ ছাড়লেন রোহিত। রিকলটন ফিরলেন ২২ বলে ৩৭ রানে। এরপরে হার্দিক (৪০) ও সূর্য (৩২) চেষ্টা করলেও সেই রান কখনোই ২৪১ তোলার জন্য যথেষ্ট ছিল না। শারফেন রাদারফোর্ড করলেন ৩১ বলে ৭১ রান। ২৪১ তাড়া করতে নেমে ২০ ওভার শেষে মুম্বই করল ২২২/৫। ১৮ রানে জিতে মুম্বইকে টানা দুই বছর হারাল আরসিবি।

এই জয়ের ফলে ৩ নম্বরেই রইল আরসিবি। ৮ নম্বর স্থানে মুম্বই ইন্ডিয়ান্স। চেন্নাইয়ের বিরুদ্ধে ২৫০ ও মুম্বইয়ের বিরুদ্ধে ২৪০ করে ইতিমধ্যেই আরসিবি টানা দুইবার স্বপ্ন দেখাচ্ছে। টানা দুইবার ট্রফি কোহলিরা জিতবেন কি না, সেটা নাহয় সময় বলবে।

## আইপিএলে খেলতে না দেওয়ায় বোর্ডের বিরুদ্ধে তুষারার মামলা



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

আইপিএলের চলমান মৌসুমে শ্রীলঙ্কার পেসার নুয়ান তুষারা এখনও রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু দলে যোগ দিতে পারেননি। ফিটনেস পরীক্ষায় ব্যর্থ হওয়ায় শ্রীলঙ্কা ক্রিকেট (এসএলসি) তাকে আইপিএলে খেলার জন্য অনুমতি দেয়নি, যার পরিপ্রেক্ষিতে তুষারা আদালতে বোর্ডের বিরুদ্ধে মামলা দায়ের করেছেন।


মামলা দায়েরের সময় বিবাদী হিসেবে রাখা হয়েছে বোর্ড সভাপতি শাম্মি সিলভা, সচিব বান্দুলা দিশানায়ে, প্রধান নির্বাহী কর্মকর্তা অ্যাশলে ডি সিলভা এবং কোষাধ্যক্ষ সুজিয়া গোদালিইয়াড্ডাকে।

নিউজওয়্যার প্রতিবেদনে বলা হয়েছে, তুষারার সঙ্গে এসএলসির কেন্দ্রীয় চুক্তি শেষ হয়েছে ৩১ মার্চ। ভবিষ্যতে তিনি শ্রীলঙ্কা ক্রিকেটের কেন্দ্রীয় চুক্তিতে থাকতে আগ্রহী নন এবং আন্তর্জাতিক ক্রিকেট থেকেও দূরে থাকতে চান। আদালতে তিনি জানিয়েছেন, অনাপত্তিপত্র না পাওয়ার কারণে বড় আর্থিক ক্ষতি এবং সুযোগ হাতছাড়া হচ্ছে।

তুষারা গত বছরের নিলামে ১ কোটি ৬০ লাখ রুপিতে রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর সঙ্গে যুক্ত হন এবং দলটির হয়ে প্রথম মৌসুমেই চ্যাম্পিয়ন হয়েছেন।

যদিও তুষারা দলে যোগ দিতে পারেননি, বেঙ্গালুরু উদ্বোধনী ম্যাচে জয়ের পথে এগিয়েছে। দেবদূত পাড়িক্কালের ২৬ বলে ৬১ রানের বিস্ফোরক ইনিংস এবং বিরাট কোহলির ৩৮ বলে অপরাজিত ৬৯ রানের দায়িত্বশীল ইনিংস দলকে ৬ উইকেটে জয় নিশ্চিত করেছে সানরাইজার্স হায়দরাবাদের বিপক্ষে।

## এক যুগ পর জিম্বাবুয়ে সফরে অস্ট্রেলিয়া



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

প্রায় এক যুগ পর জিম্বাবুয়ের মাটিতে দ্বিপাক্ষিক সিরিজ খেলতে যাচ্ছে অস্ট্রেলিয়া ক্রিকেট দল। সর্বশেষ ২০১৪ সালে ত্রিদেশীয় সিরিজে অংশ নিতে দেশটিতে সফর করেছিল তারা।

আসন্ন সফরে জিম্বাবুয়ের বিপক্ষে তিন ম্যাচের ওয়ানডে সিরিজ খেলবে অস্ট্রেলিয়া। সিরিজের সব ম্যাচই অনুষ্ঠিত হবে হারারে স্পোর্টস ক্লাবে। প্রথম ম্যাচ ১৫ সেপ্টেম্বর, দ্বিতীয়টি ১৮ সেপ্টেম্বর এবং শেষ ম্যাচ ২০ সেপ্টেম্বর অনুষ্ঠিত হবে।

২০২৭ ওয়ানডে বিশ্বকাপ যৌথভাবে আয়োজন করবে জিম্বাবুয়ে, দক্ষিণ আফ্রিকা এবং নামিবিয়া। সেই বড় আসরকে সামনে রেখে শক্তিশালী প্রতিপক্ষের বিপক্ষে এই সিরিজটি স্বাগতিকদের জন্য গুরুত্বপূর্ণ প্রস্তুতি হিসেবে দেখা হচ্ছে।

জিম্বাবুয়ে ক্রিকেটের ব্যবস্থাপনা পরিচালক গিভমোর মাকোনি সফরটি নিয়ে উচ্ছ্বাস প্রকাশ করে বলেন, অস্ট্রেলিয়ার মতো বড় দলের বিপক্ষে খেলা দলের উন্নতির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং বিশ্বকাপের প্রস্তুতিতে এটি বড় ভূমিকা রাখবে।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR